**অ্যাসাইনমেন্ট প্রস্তুত, মূল্যায়ন ও সংরক্ষন সংক্রান্ত নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:**

- অ্যাসাইনমেন্ট প্রদান/গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান সময়সূচি নির্ধারণ এবং আলাদাভাবে প্রদান/গ্রহণের ব্যবস্থা করবেন। এক্ষেত্রে অনলাইনের সাহায্যে/সামাজিক দুরুত্ব বজায় রেখে প্রতিষ্ঠান প্রধান/অভিবাবক নিজস্ব ব্যবস্থাপনায় অ্যাসাইনমেন্ট প্রেরণ ও গ্রহণ করবেন;
- মূল্যায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট সকল ডকুমেন্টস (অ্যাসাইনমেন্ট জমা দানের রেজিস্ট্রারসহ) প্রতিষ্ঠানে অবশ্যই সংরক্ষন করতে হবে;
- কোন শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট জমাদানে অপারগ হলে সংশ্লিষ্ট শিক্ষক তা রেকর্ড রাখবেন এবং এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
- অ্যাসাইনমেন্টে উল্লিখিত রুব্রিক্স অনুযায়ী শিক্ষকগণ শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত অ্যাসাইনমেন্টসমূহ মূল্যায়ন করবেন;
- ২০২১ সনের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্টের জন্য বিজ্ঞপ্তির সাথে একটি কাভার পৃষ্ঠা (নমুনা) সংযুক্ত করা হয়েছে। শিক্ষার্থী নিজ হাতে লিখে এই কাভার পৃষ্ঠা তৈরি করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠান চাইলে উক্ত কাভার পৃষ্ঠা শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট প্রদানের সময় সরবরাহ করতে পারবে। পরবর্তীতে শিক্ষার্থীরা উক্ত কাভার পৃষ্ঠার সংশ্লিষ্ট অংশ পূরন করে অ্যাসাইনমেন্টের সাথে সংযুক্ত করে অবশ্যই জমা দেবে; তবে এ কভার পৃষ্ঠা বাবদ শিক্ষার্থীদের নিকট থেকে কোন অর্থ আদায় করা যাবেনা;
- অ্যাসাইনমেন্ট মূল্যায়ন শেষে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান বোর্ডের নির্দেশনা অনুসারে (কারিগরি শিক্ষা বোর্ড এ বিষয়ে নির্দেশনা প্রদান করবে) নিজ নিজ প্রতিষ্ঠানের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের কিছু মূল্যায়িত অ্যাসাইনমেন্ট বোর্ডে প্রেরণ করবে;
- ২০২১ সনের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রকাশিত অ্যাসাইনমেন্ট যেন প্রতিটি শিক্ষার্থীদের হাতে পৌছায় সে বিষয়টি স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন;
- অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সকল প্রতিষ্ঠান প্রধানকে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীকে অনুরোধ করা হলো;
- শিক্ষার্থী কর্তৃক জমাকৃত অ্যাসাইনমেন্ট মূল্যায়নপূর্বক নিম্নের ছক (এক্সেল ফরমেটে) অনুযায়ী তথ্য প্রতিষ্ঠানে সংরক্ষন করতে হবে;

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম, কোড ও ঠিকানা<br>গ্রুপ/বিষয়/ট্রেড/পত্র/শ্রেণি | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| শ্রেণি রোল | পরীক্ষার্থীর নাম | রেজি: নং | অ্যাসাইনমেন্টের শিরোনাম ও নং | গ্রহণের তারিখ | জমা প্রদানের তারিখ | প্রাপ্ত স্কোর (রুব্রিক্স অনুযায়ী)<br>নম্বর | | | | | | |
| | | | | | | | | | | | | |

- শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জন্য নির্দেশনা:
  - ➢ অ্যাসাইনমেন্ট প্রদানের সাথে সাথে কাভার পৃষ্ঠা পূরন ও সংযোজন বিষয়ে পরীক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
  - ➢ পরীক্ষার্থীর জমা দেয়া অ্যাসাইনমেন্টের কাভার পৃষ্ঠার যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
  - ➢ কাভার পৃষ্ঠার তিনটি অংশ রয়েছে- (১) শিক্ষার্থীর অংশের তথ্য ছক নিম্নরূপ:

(নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে ইংরেজিতে পূরণ করতে হবে)

| | |
|---|---|
| বিষয়<br>কোড/বিষয়/ট্রেড/পত্র/শ্রেণির নাম | |
| শিক্ষা বোর্ডের নাম | |
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর | |
| শিক্ষার্থীর নাম | |
| পিতার নাম | |
| মাতার নাম | |

এ অংশটি শিক্ষার্থী কর্তৃক স্বহস্তে ইংরেজীতে পূরন করতে হবে। শিক্ষার্থীদের জন্য কাভার পৃষ্ঠার উপরের অংশ নির্ধারিত রয়েছে এবং নিচের অন্য দুটি অংশে শিক্ষার্থীরা কোনো কিছু লিখতে পারবে না অর্থাৎ ফাঁকা থাকবে। শিক্ষার্থীরা কাভার পৃষ্ঠায় তার অংশ পূরন করে অ্যাসাইনমেন্ট জমাদানের পর প্রতিষ্ঠান বাকী অংশ পূরন করবে।

- **কাভার পৃষ্ঠার দ্বিতীয় অংশ মূল্যায়নকারী শিক্ষক নিম্নোক্ত ছক মোতাবেক পূরন করবেন।**

**মূল্যায়রকারী শিক্ষক কর্তৃক পূরনীয় (প্রাপ্ত নম্বর ইংরেজীতে লিখতে হবে)**

| | | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| নির্দেশক (Indicator) | | | | | | | |
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| | | | | | | **সর্বমোট নম্বর** | |
| শিক্ষকের নাম | | | | শিক্ষকের স্বাক্ষর | | | |

- কাভার পৃষ্ঠার তৃতীয় অংশ প্রতিষ্ঠান কর্তৃক ইংরেজীতে পূরন করতে হবে। এ অংশে যে সব তথ্য থাকবে- (ক) প্রতিষ্ঠান কোড ও প্রতিষ্ঠানের নাম, (খ) শিক্ষার্থীর এইচএসসি পরীক্ষার রোল নম্বর (প্রবেশপত্র পাওয়ার পর রোল নম্বর বসাতে হবে), (গ) প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর, (ঘ)

পুনঃমূল্যায়নকারী শিক্ষক কর্তৃক প্রদত্ত নম্বর। কাভার পৃষ্ঠায় উল্লিখিত তথ্য যথাযথভাবে পূরন ও তা যাচাইপূর্বক অ্যাসাইনমেন্ট জমার বিষয়টি নিশ্চিত করতে হবে;

- অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী অনলাইনে প্রেরনের বিষয়টি নিশ্চিত করতে হবে;
- বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত কিছু অ্যাসাইনমেন্ট বোর্ডে যথাযথভাবে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত মোট অ্যাসাইনমেন্টের যেগুলো শিক্ষা বোর্ডে প্রেরণ করা হবে সে অ্যাসাইনমেন্টগুলোর কাভার পৃষ্ঠার একাংশ ছেড়া ও সংরক্ষনের বিষয়টি পর্যবেক্ষন করা;
- অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী যেন কোনোভাবেই নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ না করে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহন করতে হবে;
- মূল্যায়নকারী শিক্ষক অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে কোনো রকম অবহেলা, অতিমূল্যায়ন বা অবমূল্যায়ন না করে সে বিষয়টি নিশ্চিত করবেন।
- মূল্যায়নকারী শিক্ষকের জন্য নির্দেশনা:
  - ➢ অ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও কাভার পৃষ্ঠা ব্যবহারে যথাযথ গুরুত্ব প্রদান করতে হবে
  - ➢ নিম্নোক্ত ছক মোতাবেক কাভার পৃষ্ঠায় শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর এর তথ্য পূরণ করতে হবে-

➢ **মূল্যায়রকারী শিক্ষক কর্তৃক পূরনীয় (প্রাপ্ত নম্বর ইংরেজীতে লিখতে হবে)**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| নির্দেশক (Indicator) | | | | | | | মোট |
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| | | | | | | **সর্বমোট নম্বর** | |
| শিক্ষাকের নাম | | | | শিক্ষকের স্বাক্ষর | | | |

- অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী যদি নকল বা অন্য কোনো অনিয়মের সাথে জড়িত থাকার প্রমান পাওয়া যায় তবে তার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করবেন;
- অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে কোনো প্রকার অবহেলা, অতিমূল্যায়ন বা অবমূল্যায়ন অথবা স্বজনপ্রীতি করা যাবে না;
- অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে ভিতরে সবল অংশ কালো কালি দিয়ে এবং দুর্বল অংশ লাল কালি দিয়ে চিহ্নিত করতে হবে;

**কাভার পৃষ্ঠায় শিক্ষার্থীদের অংশ নিম্নরুপঃ**

| | |
|---|---|
| বিষয় কোড/বিষয়/ট্রেড/পত্র/শ্রেণির নাম | |
| শিক্ষা বোর্ডের নাম | |
| শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন নম্বর | |
| শিক্ষার্থীর নাম | |
| পিতার নাম | |
| মাতার নাম | |

**কাভার পৃষ্ঠায় শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

- ➢ প্রতিষ্ঠান থেকে সরাসরি/অনলাইনে অ্যাসাইনমেন্টের সাথে কাভার পৃষ্ঠা সংগ্রহপূর্বক কাভার পৃষ্ঠার উপরের অংশ ইংরেজীতে নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ➢ কাভার পৃষ্ঠার উপরের অংশে (এক তৃতীয়াংশ) নিম্নোক্ত তথ্য যথাযথভাবে ইংরেজীতে পূরন করতে হবে।

(নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে ইংরেজিতে পূরণ করতে হবে)

| | |
|---|---|
| বিষয় কোড/বিষয়/ট্রেড/পত্র/শ্রেণির নাম | |
| শিক্ষা বোর্ডের নাম | |
| শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন নম্বর | |
| শিক্ষার্থীর নাম | |
| পিতার নাম | |
| মাতার নাম | |

- নির্ধারিত অংশ ব্যতীত কাভার পৃষ্ঠার অন্য কোন স্থানে বা অপর পৃষ্ঠায় কোনো কিছু লেখা যাবে না। যদি কোনো শিক্ষার্থী এ নির্দেশ অমান্য করে তবে তার অ্যাসাইনমেন্ট মূল্যায়ন স্থগিত রাখা বা বাতিল করা হবে;